ভোরের কাগজ

287

তারিখ ... SEP 27 1999
পৃঃ 7 কলাম 6

# কুমিল্লায় ছাত্রলীগ নেতাকে গ্রেপ্তার করায় বিক্ষোভ, গাড়ি ভাঙচুর

কুমিল্লা প্রতিনিধি : জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক আনিছুর রহমান মিঠুকে গ্রেপ্তারের প্রতিবাদে শনিবার শনিবার দুপুরে একদল বিক্ষুব্ধ কর্মী শহরে কয়েকটি দোকান ও সংগঠনের জেলা সভাপতির জিপসহ গাড়ি ভাঙচুর করেছে। শহরে উত্তেজনা বিরাজ করছে।

পুলিশ জানায়, দুই মামলার পলাতক আসামি হিসেবে আনিছুর রহমান মিঠুকে পুলিশ গত শুক্রবার রাতে গ্রেপ্তার করে। তার সঙ্গী এনায়েতকেও এ সময় গ্রেপ্তার করা হয়। এর প্রতিবাদে স্থানীয় পলিটেকনিক ইনস্টিটিউটের সাবেক জিএস আবুল কাশেম ও ছাত্রলীগ নেতা কাজী জিয়াউল হক মুন্নার নেতৃত্বে দেড় শতাধিক ছাত্রলীগ কর্মী মিছিল বের করে। মিছিলটি জেলা প্রশাসকের কার্যালয় থেকে ফেরার পথে ছাত্রলীগ সভাপতি আব্দুল হাই বাবলুর জিপ (কুমিল্লা-ক-৪১২৪) এবং কুমিল্লা সেনানিবাসের একটি পিকআপ (০৬৬৬২৮/৭৪২) ভাঙচুর করে। ছাত্রলীগ কর্মীরা শহরের কান্দিরপাড়ে ইমাম ব্রাদার্স, স্যান্ড অবসহ ৪/৫টি দোকানও ভাঙচুর করে। ছাত্রলীগ কর্মীদের এই মিছিল থেকে আইনমন্ত্রী আব্দুল মতিন খসরুর বিরুদ্ধেও বিভিন্ন আপত্তিকর স্লোগান দেওয়া হয়। পুলিশ টিয়ারগ্যাস নিক্ষেপ করে বিক্ষোভকারীদের ছত্রভঙ্গ করে দেয়।